শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



একজন প্রিয় বালক ক্রীতদাস হয়েছিল

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অনুবাদক: Manab Biswas

অভিযোজন: M. Kerr; Sarah S.

গল্প ৬০ এর ৭

www.M1914.org

Bible for Children, *PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada*

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বাংলা

Bengali

ইসহাক খুব খুশি ছিলেন। তার সন্তান যাকোব ঘরে ছিলেন। এষৌ তার ভাইকে স্বাগত জানালেন, যদিও একদা তিনি ভাইকে হত্যা করার প্রতিজ্ঞা করেছিলেন। কিন্তু যাকোবের অন্য সন্তানেরা যোষেফের জন্য খুশি ছিল না। তাদের কনিষ্ঠ ভাই ছিল তার বাবার প্রিয় পাত্র।

1

সে যখন তার স্বপ্নের কথা বলল, তার ভাইয়েরা আরও রেগে গেল। যোষেফ বলল, “আমার আঁটি দাঁড়িয়ে রইল ও আমার ভাইয়ের আঁটিগুলো প্রণাম করতে লাগল”। এই স্বপ্নের মানে হল, যোষেফ তার ভাইদের থেকে আরও গুরুত্বপূর্ণ হবে।



2


যোষেফের দ্বিতীয় স্বপ্নে সূর্য, চন্দ্র ও তারা তাকে প্রণাম করছে। এই স্বপ্নে এমনকি তার বাবা যাকোব ক্রুদ্ধ হয়েছিলেন, কারণ যোষেফ নিজেকে তার বাবা-মা ও ভাইদের উপরে রেখেছিল।
3

একদিন যাকোব তার ছেলে যোষেফকে মাঠে পাঠালেন। যেখানে তার অন্য ভাইয়েরা তাদের পশুপাল চরাচ্ছিল। তার ভাইয়েরা তাকে আসতে দেখে বিড়বিড় করে বলল, “চল, এই স্বপ্নদর্শককে হত্যা করি”। তার সামনে কী বিপদ ছিল, সে বিষয়ে যোষেফ জানত না।
4

বড়ো ভাই রুবেণ তাদের মতের সাথে একমত হল না। সে বলল, “আমরা তাকে হত্যা করব না। দেখ, এখানে একটা গর্ত, এখানেই ওকে মরতে দাও!” রুবেণ ভেবেছিল রাত পোহালে সে যোষেফকে উদ্ধার করবে।
5

যোষেফ যখন পৌঁছাল, তার ভাইয়েরা তাকে ধরল এবং তার বাবা যে রংচঙে কাপড় তার প্রিয় পুত্রর জন্য বানিয়েছিল, সেটা খুলে নিল। তারপর তাকে এক গর্তের মধ্য ফেলে দিল।
6

রুবেণের অনুপস্থিতিতে একদল বণিক উটে করে তাদের কাছ দিয়ে মিসরে যাচ্ছিল। যিহূদা চিৎকার করে বলল, “চল যোষেফকে বিক্রি করি”। চুক্তিমতো তারা যোষেফকে কুড়িটি রৌপ্য মুদ্রায় বিক্রি করে দিল।
7

ভীত ও চোখের জলে, অসহায় অবস্থায় যোষেফ উটের পিঠে চেপে তার পরিবার ও দেশ ছেড়ে চলল।
8


“এটা কি যোষেফর কাপড়? এটা তো রক্তাক্ত। আমরা এটা মরুভূমিতে পেয়েছি”। নিষ্ঠুর ভাইয়েরা যাকোবকে বিশ্বাস করতে বাধ্য করল যে, বন্য জন্তুরা তার প্রিয় পুত্রকে হত্যা করেছে। যাকোব তার কাপড় ছিঁড়ল ও শোকার্ত হল। কেউ তাকে সান্ত্বনা দিতে পারল না।
9


মিশরে যোষেফ অবশ্যই ভীত ও একাকী ছিল। হয়তো ঘরে যাবার ইচ্ছা ছিল, কিন্তু সে পালাতে পারল না।
10

কারণ সে মিশরের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি পটীফরের বাড়িতে ক্রীতদাস ছিল। পটীফর দেখল যে, যোষেফ সবসময় পরিশ্রম করে এবং তার উপর নির্ভর করা যেতে পারে।
11

একদিন পটীফর বলল, “তুমি যা কর, তাই সুন্দর হয়ে ওঠে, ঈশ্বর তোমার সাথে আছেন। আমি চাই তুমি আমার প্রধান কর্মচারী হও, আমার ব্যবসার কর্ণধার ও সমস্ত কর্মচারীদের উপরে প্রধান হও”।
12

ঈশ্বর যোষেফের জন্য পটীফরকে অনেক শস্য ও অনেক সম্পত্তি দিয়েছিলেন। সে এখন একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। এবং সে বিশ্বস্তভাবে ঈশ্বরের সেবা করছিল। কিন্তু এরপর যোষেফের সামনে সমস্যা এল।
13


পটীফরের স্ত্রী একজন দুষ্ট মহিলা ছিল। সে যোষেফকে তার স্বামীর জায়গা নিতে বলল। যোষেফ অস্বীকার করল। পটীফরের স্ত্রীর প্রতি নোংরামো করে সে ঈশ্বরের বিরুদ্ধে পাপ করবে না।
14



একজন প্রিয় বালক ক্রীতদাস হয়েছিল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ৩৭, ৩৯

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!